যুগান্তর

তারিখ ....... 10 MAY 2003
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ......

ঢাবির ২১৫ শিক্ষকের বিবৃতি

# বিশ্ববিদ্যালয় ও সাদা দলের বিরুদ্ধে অপপ্রচারের অভিযোগ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএনপি-জামায়াতপন্থী সাদা দলের ২১৫ জন শিক্ষক এক বিবৃতিতে পরিকল্পিতভাবে বিশ্ববিদ্যালয় ও সাদা দলের বিরুদ্ধে অপপ্রচার চালানো হচ্ছে বলে দাবি করেছেন। গতকাল দেয়া বিবৃতিতে তারা আরও বলেন, বেনামী লিফলেটের ওপর ভিত্তি করে সাদা দলে যে অন্তর্দ্বন্দ্বের কথা বলা হচ্ছে তার কোন বাস্তবতা নেই। সাদা দল তার আদর্শ এবং লক্ষ্যে সুদৃঢ়ভাবে ঐক্যবদ্ধ রয়েছে এবং এতে কোন বিভাজন নেই। বর্তমান প্রশাসনের প্রতি সাদা দলের পূর্ণ আস্থা ও সমর্থন রয়েছে। বিবৃতিদাতারা হলেন- অধ্যাপক ওয়াকিল আহমদ, অধ্যাপক মাহমুদ উল আমিন, ড. ফেরদৌস হোসেন, অধ্যাপক আমিনুর রহমান মজুমদার, অধ্যাপক একিউএম ফজলুল ওয়াহিদ, অধ্যাপক চৌধুরী মাহমুদ হাসান, অধ্যাপক নূরুল ইসলাম, ড. দিলরওশন জিন্নাত আরা নাজনীন, ড. এএসএম আতিকুর রহমান প্রমুখ।